

এসএসসির ফল নিয়ে অসন্তুষ্ট? জেনে নিন খাতা চ্যালেঞ্জের সুযোগ যেভাবে

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ২২:৫৬, ১২ জুলাই ২০২৫; আপডেট: ২২:৫৮, ১২ জুলাই ২০২৫



×

২০২৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে গত বৃহস্পতিবার। তবে অনেক শিক্ষার্থীই ফলাফলে সন্তুষ্ট নন। তাদের জন্য রয়েছে খাতা চ্যালেঞ্জ বা ফল পুনর্নিরীক্ষার সুযোগ। এই আবেদন প্রক্রিয়া শুরু হচ্ছে ১১ জুলাই এবং চলবে ১৭ জুলাই পর্যন্ত।

×

আবেদন পদ্ধতি অপরিবর্তিত

ফল পুনর্নিরীক্ষার জন্য শিক্ষার্থীদের আবেদন করতে হবে টেলিটক প্রিপেইড সিম ব্যবহার করে এসএমএসের মাধ্যমে।

×

আবেদন করতে এসএমএস পাঠাতে হবে এইভাবে:

RSC <স্পেস> বোর্ডের প্রথম তিন অক্ষর <স্পেস> রোল নম্বর <স্পেস> বিষয় কোড

উদাহরণ:

RSC DHA 123456 101

পাঠাতে হবে ১৬২২২ নম্বরে।

একই এসএমএসে একাধিক বিষয়ের জন্য আবেদন করতে চাইলে বিষয় কোডগুলোর
মধ্যে কমা (,) ব্যবহার করতে হবে।

যেমন: RSC DHA 123456 101,107,109

ফিরতি এসএমএস ও পেমেন্ট

প্রথম এসএমএস পাঠানোর পর টেলিটক থেকে ফিরতি এসএমএসে জানানো হবে ফি কত কাটা হবে এবং একটি পিন নম্বর (PIN) দেওয়া হবে।

আপনি যদি এতে সম্মত থাকেন, তাহলে আবার এসএমএস পাঠাতে হবে এইভাবে:

RSC <স্পেস> YES <স্পেস> PIN <স্পেস> আপনার যোগাযোগের মোবাইল নম্বর
এবং তা ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

→ প্রতিটি বিষয় ও প্রতিটি পত্রের জন্য ১৫০ টাকা করে চার্জ কাটা হবে।
যেমন, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র পৃথক পত্র হিসাবে গণ্য হবে এবং মোট ৩০০ টাকা দিতে হবে।

চলতি বছরের ফলাফল সংক্ষেপে

মোট পাসের হার: ৬৮.৪৫%

জিপিএ-৫ পেয়েছে: ১,৩৯,০৩২ জন

বেশিরভাগ শিক্ষার্থী ফলাফলে সন্তুষ্ট হলেও, অনেকেই মনে করছেন নম্বর প্রত্যাশার চেয়ে কম এসেছে।

গুরুত্বপূর্ণ নির্দেশনা

সঠিক বোর্ড কোড ও বিষয় কোড ব্যবহার করুন।

আবেদন একবারই করা যায়, ভুল হলে আর সংশোধনের সুযোগ নেই।

আবেদন চলাকালে টেলিটকের ব্যালান্স চেক করে রাখুন।

বোর্ড কোডের সংক্ষিপ্ত রূপ:

ঢাকা: DHA

চট্টগ্রাম: CHI

রাজশাহী: RAJ

কুমিল্লা: COM

বরিশাল: BAR

ঘৰ্ষোৱা: JES

সিলেট: SYL

দিনাজপুর: DIN

মাদ্রাসা: MAD

কারিগরি: TEC